

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
পরিদর্শক (চট্টগ্রাম) বিভাগ  
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৯.০২১.২১.৬২১

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: নোয়াখালী জেলার কবির হাট উপজেলাধীন চাপরাশির হাট এ. রব ফাজিল মাদ্রাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষ, চাপরাশির হাট এ. রব ফাজিল মাদ্রাসা, কবির হাট, নোয়াখালী এর স্মারক নং: চা.ফা.মা. (জি.ডি.সি)২০২১/৩১; তারিখ: ০৫.১২.২০২১ খ্রি.।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮; তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদ্রাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজ-পত্র পর্যালোচনান্তে সূত্রোক্ত ২ নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদ্রাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে নিম্নে বর্ণিত ব্যক্তিকে বর্ণিত মাদ্রাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো-

মনোনিত বিদ্যোৎসাহী প্রতিনিধির নাম ও পিতার নাম	ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	পেশা
জনাব মহি উদ্দিন টিটুর, পিতা: মৃত ওয়াজি উল্যাহ মিয়া	ওমরপুর, চাপরাশির হাট, কবির হাট, নোয়াখালী।	বি.এ	ব্যবসা

উল্লেখ্য, রাষ্ট্রীয় নিয়ম শৃঙ্খলা ও স্বার্থ পরিপন্থী কোন কর্মকাণ্ডের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর উক্ত সদস্য পদ যে কোন সময় বাতিল করতে পারে।

২৩-২-২০২২

মোসাম্মৎ ফেরদৌসী আলম  
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)

সভাপতি/অধ্যক্ষ, চাপরাশির হাট এ. রব ফাজিল মাদ্রাসা,  
কবির হাট, নোয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৯.০২১.২১.৬২১/১(৫)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:


১) জেলা প্রশাসক, নোয়াখালী।

২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৩) উপজেলা নির্বাহী অফিসার, কবিরহাট, নোয়াখালী।

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কবির হাট, নোয়াখালী।

৫) জনাব মহি উদ্দিন টিটুর, পিতা: মৃত ওয়াজি উল্যাহ মিয়া, ওমরপুর, চাপরাশির হাট, কবির হাট, নোয়াখালী।



২৩-২-২০২২

মোসাম্মৎ ফেরদৌসী আলম

পরিদর্শক